গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপমহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২৪.৫০৫ তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ। ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ।

## " প্রশিক্ষণ ক্যাম্প আদেশ"

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রশিক্ষণের নাম | ঃ | ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা মৌলিক প্রশিক্ষণ (পুরুষ)। |
| ২. | প্রাধিকার | ঃ | প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৩-২০২৪ |
| ৩. | প্রশিক্ষণার্থী | ঃ | অত্র কার্যালয়ের স্মারক নং-৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২৪.৪১৮, তারিখ: ২১/০৩/২০২৪ মূলে জারীকৃত পত্রের যোগ্যতা অনুসরণ করতে হবে। |
| ৪. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ঃ | ৫৮ জন। |
| ৫. | প্রশিক্ষণের মেয়াদ | ঃ | ১৫/০৪/২০২৪ হতে ০৫/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত (২১) দিন। |
| ৬. | প্রশিক্ষণের স্থান | ঃ | জেলরোড আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, সদর, ময়মনসিংহ। |
| ৭. | প্রশিক্ষণের বিষয় | ঃ | অস্ত্র, পিটি, ড্রিল ও অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। |
| ৮. | ক্যাম্প অধিনায়ক | ঃ | **ড. মোঃ সাইফুর রহমান, বিভিএম (বার), পিএএমএস,** উপমহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ। তিনি ক্যাম্প অধিনায়ক হিসেবে প্রশিক্ষণ ক্যাম্পের তত্ত্বাবধানের সার্বিক দায়িত্ব পালন করবেন। |
| ৯. | উপ-অধিনায়ক | ঃ | মোহা: মাহাবুবুর রহমান, উপপরিচালক, আনসার ও ভিডিপি ময়মনসিংহ রেঞ্জ, উক্ত প্রশিক্ষণের উপ-অধিনায়কের দায়িত্ব পালন করবেন। তিনি প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকলের মধ্যে সমন্বয় সাধনপূর্বক ক্যাম্পের সুষ্ঠু পরিবেশ ও শৃংখলা বজায় রাখবেন। প্রশিক্ষণ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সকল কার্যক্রম সরেজমিনে তদারকি করবেন। |
| ১০ | কোয়ার্টার মাস্টার | ঃ | জনাব মোহাম্মদ ওসমান গণি, সার্কেল অ্যাডজুট্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ, তিনি কোয়াটার মাষ্টার হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি প্রশিক্ষণার্থীদের মধ্য হতে ০৩ জন সদস্য বাছাই করে একটি মেস কমিটি গঠন করবেন। প্রতিদিন মেসের খরচাদির হিসাব সংরক্ষণ করবেন এবং রোলকল প্যারেডে খরচাদি সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে অবহিত করবেন। প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকলের মধ্যে সমন্বয় সাধনপূর্বক ক্যাম্পের সুষ্ঠু পরিবেশ ও শৃংখলা বজায় রাখবেন। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ব্যবস্থা করবেন। |
| ১১. | প্রশিক্ষণ কর্মকর্তা | ঃ | জনাব সুশান্ত মোদক, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ প্রশিক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। আগত প্রশিক্ষণার্থীদের বিধি মোতাবেক ভর্তি রেজিস্টারে নাম ও বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ, রেজিস্টার সংরক্ষণ করবেন, প্রশিক্ষণার্থীদের আবাসন ব্যবস্থা করবেন। প্রশিক্ষণ শিবিরে উপস্থিত থেকে দায়িত্ব ও কর্তব্য সুষ্ঠুভাবে সম্পাদন করবেন |
| ১২. | কল্যাণ কর্মকর্তা | ঃ | জনাব রত্না, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ ও সার্কেল অ্যাডজুট্যান্ট (অতি: দায়িত্ব), ময়মনসিংহ রেঞ্জ, তিনি কল্যাণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন তিনি প্রশিক্ষণার্থীদের চিকিৎসা সেবা নিশ্চিত করবেন, । প্রশিক্ষণের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের কল্যাণ নিশ্চিত করবেন। |
| ১৩. | সহকারী প্রশিক্ষণ কর্মচারী | ঃ | আরিফুজ্জামান, উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, ত্রিশাল, ময়মনসিংহ। তিনি সহকারী প্রশিক্ষণ কর্মচারী হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, রোলকল, পিটিতে অংশগ্রহণ ও ক্লাস সমূহে যথাসময়ে হাজির করানো, দৈনিক প্যারেড স্টেটমেন্ট প্রণয়ন করবেন এবং প্রশিক্ষণ কর্মকর্তাকে সার্বিক সহযোগীতা করবেন। |
| ১৪. | কার্যক্রম সহকারী | ঃ | ১। রেজি: নং-১৬৪৯০, নায়েব সুবেদার, আবুল কাশেম ২। রেজি: নং-২৩৪৭৭ হাবিলদার আক্তার হোসেন, ৩। রেজি: নং-২৯২৭৮, ল্যান্স নায়েক আব্দুল বাতেন ৪। রেজি: নং-১৯১৩৮০৫, সিপাহী জাহাঙ্গীর হোসেন উক্ত আনসার ব্যাটালিয়ন সদস্যগণ কার্যক্রম সহকারী হিসেবে প্রশিক্ষণ কর্মকর্তা ও সহকারী প্রশিক্ষণ কর্মচারীকে সহযোগীতা করবেন। প্রশিক্ষণের সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করবেন এবং প্রশিক্ষণ শিবির পরিচালনায় নানাবিধ কার্যক্রমে সহযোগীতা করবেন। |

ক্রমিক নং-১০, ১১ ও ১২ নং- এ বর্ণিত কর্মকর্তাগণ প্রতিদিন নিয়মিত প্রশিক্ষণ ক্যাম্পে গমনাগমন নিশ্চিত করবেন এবং ১৩ ও ১৪ নং এ বর্ণিত কর্মচারীগণ সার্বক্ষণিক ক্যাম্পে অবস্থান করবেন এবং তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করবেন। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে ক্যাম্প অধিনায়ক, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের অধীন কর্মরত যে কোন কর্মকর্তা/কর্মচারী/ব্যাটালিয়ন আনসার সদস্যকে এ কাজে নিযুক্ত করতে পারবেন। প্রশিক্ষণ ক্যাম্পে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ ১৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ জেলরোড আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র সদর, ময়মনসিংহে যোগদান করবেন। প্রত্যেকেই তাদের দায়িত্ব পালনের জন্য ক্যাম্প অধিনায়কের কাছে ব্যক্তিগতভাবে ও দলগতভাবে দায়ী থাকবেন। এ অফিস আদেশ ক্যাম্প অধিনায়ক সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ী পরিবর্তন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

উপপরিচালক
**মোহা: মাহবুবুর রহমান**, পিএএমএস
পরিচিতি নং- ১২০০৫৯
পক্ষে-উপমহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২৪.৫০৫

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।
০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও ভিডিপি, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন/প্রশিক্ষণ) : সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও ভিডিপি, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৩। জেলা কমান্ড্যান্ট : অবগতি ও কার্যার্থে।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।

৪। জনাব---------------------------------------- : অবগতি ও কার্যার্থে।
--------------------------------------------।

৫। অফিস নথি ।

৩/৪/২৪

পক্ষে-উপমহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

৩/৪/২৪